দৈনিক ইনকিলাব

তারিখ ... ... 10 JUN. 1997...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ......

২।

# শিশু শিক্ষা বিস্তারে কিন্ডারগার্টেন একটি পরীক্ষিত প্রতিষ্ঠান

## —খুলনা মেয়র

খুলনা সিটি কর্পোরেশনের মেয়র শেখ তৈয়েবুর রহমান বলেছেন, শিশু শিক্ষা বিস্তারে কিন্ডারগার্টেন একটি পরীক্ষিত শিক্ষা প্রতিষ্ঠান। তিনি বলেন, কিন্ডার গার্টেনের সুষ্ঠু শিক্ষা পদ্ধতি ও সুন্দর পরিবেশ শিশুদের 'একাডেমিক শিক্ষার পাশাপাশি নৈতিক, সামাজিক ও মানবিক শিক্ষায় শিক্ষিত করতে পারে।

তিনি ৬ জুন শুক্রবার খুলনা অফিসার্স ক্লাব মিলনায়তনে বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের আঞ্চলিক শাখা আয়োজিত দু'দিনব্যাপী আন্তঃস্কুল সাংস্কৃতিক প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

সংগঠনের সভানেত্রী বেগম রেহানা আখতারের সভাপতিত্বে অনুষ্ঠিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সংগঠনের কেন্দ্রীয় কমিটির মহাসচিব শাহজাদা মোহাম্মদ আলী ও কেন্দ্রীয় অর্থ সচিব ইসকেন্দার আলী।